দৈনিক আমাদের সময়

তারিখ 17 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# প্রযুক্তিতে দক্ষ প্রজন্মে সমৃদ্ধ হবে বাংলাদেশ: শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আধুনিক জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ নতুন প্রজন্ম হবে সমৃদ্ধ বাংলাদেশের মূল কারিগর। প্রত্যেক শিক্ষার্থীকেই কোনো না কোনো পেশাগত দক্ষতা শেখানো হবে। এ জন্য কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানো হচ্ছে। নতুন প্রজন্মকে বিশ্বমানের দক্ষতায় গড়ে তোলাই আমাদের লক্ষ্য। গতকাল আইডিইবি মিলনায়তনে কারিগরি শিক্ষা অধিদপ্তর আয়োজিত চীন সরকারের কারিগরি শিক্ষায় স্কলারশিপপ্রাপ্ত ৩৪৯ শিক্ষার্থীর যাত্রা-পূর্ব অরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী জানান, ২০০৯ সালের আগে কারিগরি শিক্ষার এনরোলমেন্ট ছিল ১ শতাংশের নিচে। সরকারের নানামুখী উদ্যোগ ও কার্যক্রমের ফলে বর্তমানে তা ১৪ শতাংশে উন্নীত হয়েছে। সরকার আগামী ২০২০ সালের মধ্যে এই হার ২০ এবং ২০৩০ সালের মধ্যে ৩০ শতাংশে উন্নীত করার লক্ষ্যমাত্রা ঘোষণা করেছে। এ জন্য নতুন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ২৩টি জেলায় একটি করে নতুন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট ও প্রতিটি উপজেলায় একটি করে টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ স্থাপন করা হবে। সাজানো হচ্ছে কারিগরি শিক্ষার কারিকুলাম-সিলেবাস। নতুন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় কারিগরি শাখা সংযোজন করা হবে। অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. আলমগীরের সভাপতিত্বে উপস্থিত ছিলেন কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. মোস্তাফিজুর রহমান, আইডিইবি সভাপতি একেএমএ হামিদ প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
বিভাগ
ডি.এল.পি বিভাগ
এনালিস্ট
ম্যানেজার
কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর